# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ২. ৩. সাহাবীদের পলায়ন: কাপুরুষতা না অবিশ্বাস

আমরা ইতোপূর্বে যীশুর গ্রেফতারের সময় শিষ্যদের পলায়ন প্রসঙ্গ আলোচনা করেছি। আমরা দেখেছি যে, ইঞ্জিলের বর্ণনা অনুসারে যীশু অনেক আগে থেকে বারবার তাঁদেরকে তাঁর গ্রেফতার, লাঞ্ছনা, হত্যা ও পুনরুত্থানের কথা বলেন। এক্ষেত্রে সাধারণ বিশ্বাসীর থেকেও প্রত্যাশিত যে, তিনি প্রতিরোধ না করলেও আশেপাশে থাকবেন। অধীর আগ্রহ ও উৎকণ্ঠার সাথে গুরুর ভবিষ্যদ্বাণী বাস্তবায়নের অপেক্ষা করবেন। কিন্তু ইঞ্জিল লেখকরা নিশ্চিত করেছেন যে, গ্রেফতারের সময় শিষ্যরা অত্যন্ত লজ্জাজনকভাবে পলায়ন করেন: ‘‘তখন সাহাবীরা সকলে তাঁকে ছেড়ে পালিয়ে গেলেন। আর একজন যুবক উলঙ্গ শরীরে একখানি চাদর জড়িয়ে তাঁর পিছনে পিছনে চলতে লাগল; তারা তাকে ধরলো, কিন্তু সে সেই চাদরখানি ফেলে উলঙ্গই পালিয়ে গেল।’’ (মার্ক ১৪/৫০-৫১ (মো.-১৩); মথি ২৬/৫৬)

আমরা জানি না, এরূপ পলায়ন কি তাদের কাপুরুষতা না অবিশ্বাস।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14390

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন